অস্ত্র গুলি ও ম্যাগজিন সহ গাংনীর কাফিরুল তারাগুনিয়াতে আটক

মেহেরপুরের গাংনীর কাফিরুল ইসলামকে অস্ত্র গুলি ও ম্যাগজিন সহ আটক করেছে র্যাব। শনিবার সন্ধ্যায় কুষ্টিয়ার দৌলতপুরের তারাগুনিয়া পূর্বপাড়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে থেকে তাকে আটক নাটোর র্যাব-৫। গ্রেফতার কাফিরুল ইসলাম গাংনী উপজেলার সহড়াতলার আব্দুল শুকুরের ছেলে।

র্যাব-৫, রাজশাহীর অধিনায়ক (অতিরিক্ত ডিআইজি) মাহ্ফুজুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-৫ সিপিসি-২ এর একটি টিম কুষ্টিয়ার দৌলতপুর থানার তারাগুনিয়া পূর্বপাড়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে অভিযান চালায়। এসময় র্যাব সদস্যরা ওই এলাকার বিভিন্ন পয়েন্টে অবস্থান নেয়। অভিযানকালে সেখানে দাঁড়িয়ে থাকা দুই ব্যক্তি র্যাবের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় র্যাব সদস্যরা তাদের পিছু নিয়ে কাফিরুল ইসলামকে আটক করে।

তবে এসময় কাফিরুলের এক সহযোগী পালিয়ে যেতে সক্ষম হয়। পরে কাফিরুলের কাছে থাকা প্লাস্টিকের একটি ব্যাগের ভিতর থেকে ৭টি ওয়ান শুটার গান, ২টি বিদেশী পিন্তুল, ১৪ রাউন্ড গুলি ও ৪টি ম্যাগজিন উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটককৃত কাফিরুল ইসলাম দীর্ঘদিন যাবৎ অবৈধ অস্ত্র ব্যবসার সাথে জড়িত থাকার কথা স্বীকার করেছে বলে দাবি করেছে র্যাব। আটককৃতর বিরুদ্ধে অবৈধ অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য বহন এবং সংরক্ষনের অভিযোগে মামলা দায়ের করে সংশ্লিষ্ট থানায় সোপর্দ করা হয়।

অপরদিকে পলাতক ব্যক্তিকে আটক করতে অভিযান অব্যাহত রয়েছে। অভিযানে অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন, কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার এস.এম জামিল আহমেদ, সিনিয়র এএসপি এনামুল করিম সহ উর্দ্ধোতন কর্মকর্তারা।
– গাংনী প্রতিনিধি

মেহেরপুর সহ বিবিন্ন স্থানে ফায়ার সার্ভিস সপ্তাহ শুরু

মেহেরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ উদ্বোধন করা হয়েছে।
গতকাল বুধবার সকালে উদ্বাধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপ-সহকারী পরিচালক শহিদুল ইসলাম।

প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক আতাউল গনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার এসএম মুরাদ আলি।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা আনসার কমান্ডার হুমায়ুন কবির, সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের স্টেশন অফিসার জাহিদুল ইসলাম।

এর আগে জেলা প্রশাসক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহে উদ্বোধন করেন।

বামন্দী প্রতিনিধি জানান, “সচেতনতা, প্রশিক্ষণ ও প্রস্তুুতি ভুমিকম্প মোকাবেলা সর্বোত্তম উপায়” এই প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ ২০১৯ শুরু হয়েছে। চলবে ১২ নভেম্বর পর্যন্ত।

সকাল ১১ টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে উপস্থিত থেকে সপ্তাহের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন, বামন্দী ফায়ার সার্ভিস স্টেশনের ভারপ্রাপ্ত ইনচার্জ আলমঙ্গীর হোসেন। এছাড়াও স্থানীয় জন সাধরণের সামনে অগ্নিনির্বাপন করার বিভিন্ন কৌশল উপস্থাপন করেন ফায়ার সার্ভিস কর্মিরা।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গায় নানা কর্মসূচির মধ্য দিয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০১৯ শুরু হয়েছে।

গতকাল সকাল ১০টার দিকে আলমডাঙ্গা ফায়ার স্টেশনে ‘সচেতনতা, প্রস্তুতি ও প্রশিক্ষণ দুর্যোগ মোকাবিলার সর্বোত্তম উপায়’-এ শ্লোগানকে সামনে রেখে সারাদেশের ন্যায় আলমডাঙ্গা ফায়ার স্টেশনে আজ থেকে ১২ নভেম্বর পর্যন্ত নানা কর্মসূচি পালন করা হবে বলে ফায়ার সার্ভিস সুত্রে জানা যায়।

এ সময় অগ্নিকান্ডসহ বিভিন্ন দূর্ঘটনা প্রতিরোধ ও করণীয় সম্পর্কে সচেতনতা বাড়াতে ফায়ার সার্ভিস কর্মীরা মহড়া প্রদর্শন করেন।

গতকাল বুধবার ফায়ার সার্ভিস প্রাঙ্গণে ফায়ার সার্ভিস ইউনিটের স্টেশন ইনচার্জ মখলেছুর রহমানের সভাপতিত্বে ও ফায়ার সার্ভিস লিডার আক্রাম আলীর পরিচালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী ।

ফায়ার সার্ভিস ইউনিটের স্টেশন কর্মকর্তা মখলেছুর রহমানের স্বাগত বক্তব্যের মধ্যদিয়ে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান, আলমডাঙ্গা বনিক সমিতির সভাপতি আলহাজ্ব মকবুল হোসেন, পল্লিবিদ্যুতের এজিএম মনিরুল ইসলাম , উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক সাবেক ভাইস চেয়ারম্যান কাজী খালেদুর রহমান অরুন, উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, প্রেসক্লাব সহ- সভাপতি ও কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, ভাটা মালিক আলহাজ্ব আব্দুল খালেক, ডা. বোরহান উদ্দিন, সহকারি অধ্যাপক আব্দুর রহমান, আশরাফ আলী, এমদাদুল হক, প্রভাষক আনোয়ারুল ইসলাম, প্রভাষক আব্দুস সালাম, প্রচার সম্পাদক শরিফুল ইসলাম, ফায়ার সার্ভিসের লিডার আব্দুর রহমান, খাইরুল ইসলাম, প্রমুখ।
প্রধান অতিথী উপজেলা নির্বাহী অফিসার বলেন, অধিদপ্তরের সেবাধর্মী কাজের সঙ্গে জন সম্পৃক্ততা নিশ্চিতকরণ ও জনসচেতনতা বাড়ানোই ফায়ার সার্ভিস সপ্তাহের মূল লক্ষ্য হওয়া উচিৎ। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা নতুন উদ্যমে সাহস, দক্ষতা, সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করবেন বলে আশা প্রকাশ করছি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালন প্রশংসনীয় উদ্যোগ বলে উল্লেখ করেন তিনি।

জীবননগর প্রতিনিধি জানান, জীবননগরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ শুরু হয়েছে।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর-চুয়াডাঙ্গা- কুষ্টিয়াতে জেল হত্যা দিবস পালিত

বাংলাদেশের ইতিহাসে ৩ নভেম্বর কলঙ্কময় ও কালোরাত এই দিনটি। ১৯৭৫ সালে বঙ্গবন্ধুসহ সপরিবারে হত্যার পর ৩ নভেম্বর তার ঘনিষ্ঠ চার সহকর্মী সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এম মনসুর আলী ও এ এইচ এম কামরুজ্জামানকে কারাগারে হত্যা করা হয়।

গতকাল রবিবার বিকালে জেল হত্যা দিবসে জাতীয় চার নেতাকে শ্রদ্ধা জানাতে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

জেলা আওয়ামী লীগের কার্যালয়ে সভায় সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, দপ্তর সম্পাদক খোকন, সদস্য শামীম আরা হিরা, উপজেলা ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম মমিন, অ্যাড. খ ম ইমতিয়াজ হারুন বিন জুয়েল, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান, বর্তমান সভাপতি আব্দুস সালাম বাঁধন, জেলা যুব মহিলা লীগের সম্পাদিকা অ্যাড. রুত সভা মন্ডল প্রমুখ।

এসময় জেলা সেচ্ছাসেবক লীগের নেতা মতিযার রহমান মতি, জেলা ছাত্রলীগের সহ সভাপতি আসিফ, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম তৌহিদ সহ আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।
গাংনী প্রতিনিধি জানান, মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর আওয়ামী লীগের উদ্যোগে জেল হত্যা দিবস পালিত হয়েছে।

রবিবার বেলা সাড়ে ৩টার সময় উপজেলা অডিটরিয়াম হলে উপজেলা আওয়ামী লীগে উদ্যোগে দিবসটি উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।
উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগে সহ-সভাপতি ও বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস, পৌর মেয়র আশরাফুল ইসলাম, উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম, কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা সহ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

আলোচনা শেষে দোয়া মাহফিল পরিচালনা করেন উপজেলা জামে মসজিদের ইমাম মওলানা ইলিয়াস হোসেন।

এদিকে একই দিনে সন্ধ্যার সময় দিবসটি উপলক্ষে গাংনী পৌর আওয়ামী লীগের উদ্যোগে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার আগে একটি র্যালী গাংনী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

পরে শহীদ রেজাউল চত্বরের মুক্ত মঞ্চে সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগে সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।
পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলুর সভাপতিত্বে ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইমরান হাবিব।

এ সময় জেলা আওয়ামী লীগে সহ-সভাপতি সিরাজুল ইসলাম, জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, পৌর যুবলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সাহিদুজ্জামান শিপু সহ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিৎ ছিলেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, জেলহত্যা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, চার নেতার প্রতিকৃতিতে মাল্যদান

প্রভৃতি কর্মসূচি পালিত হয়েছে।
গতকাল রবিবার সকালে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ এসব কর্মসূচীর আয়োজন করে।

সকাল সাতটায় দলীয় কার্যালয়ের সমনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা-০১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন ও সহ-সভাপতি নাসির উদ্দিন আহমেদ।

এসময় উপস্থিত ছিলেন সহ-সভাপতি আওয়ামী লীগ নেতা খুস্তার জামিল, জহুরুল ইসলাম, আলাউদ্দিন হেলা, পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট বেলাল হোসেন, আরেফিন আলম রঞ্জু, আব্দুর রশিদ, আব্দুল কাদের প্রমুখ।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গায় উপজেলা ও পৌর আওয়ামী লীগের উদ্দ্যোগে ৩ নভেম্বর জেল হত্যা পালন করা হয়েছে।

গতকাল রবিবার সকালে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধু ও জাতীয় ৪ নেতার প্রতিকৃতিতে মাল্যদান, মিলাদ মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় পৌর আওয়ামী লীগের সভাপতি আবু মুসার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু। বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, জেলা আওয়ামী লীগের সদস্য শাহ আলম, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাবেক ভাইস চেয়ারম্যান কাজী খালেদুর রহমান অরুন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলামের উপস্থাপনায় উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম, প্রচার সম্পাদক রেজাউল হক তবা, আওয়ামী লীগ নেতা মহাসিন কামাল, সাবেক কাউন্সিলর দীনেশ কুমার, কাউন্সিলর মামুন অর রশিদ হাসান, ওলিউল্লাহ, আব্দুল মালেক, জাহাঙ্গীর হোসেন, খন্দকার মজিবুল হক, রতন দা, শাফায়েত, যুবলীগ নেতা সৈকত খান, মনিরুল ইসলাম, ছাত্রলীগ নেতা হাসানুজ্জামান, সজিব হোসেন, উপজেলা মহিলালীগ নেত্রী সাহিদা ইসলাম, জাহানারা।

জীবননগর প্রতিনিধি জানান, জীবননগরে বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে জেল হত্যা দিবস পালিত হয়েছে।
গতকাল রোববার জেল হত্যা দিবস উপলক্ষে জীবননগর উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে সকালে আওয়ামী লীগের দলীয় কার্যলয়ের জাতীয় ও দলীয় পতাকা উত্তলন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মো: আব্দুল লতিফ অমল, সাধারণ সম্পাদক মুন্সী নাসির উদ্দিন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগ নেতা শাখাওয়াত হোসেন ফরজ প্রমুখ।

কুষ্টিয়া প্রতিনিধি জানান, কুষ্টিয়া নাগরিক পরিষদ কর্তৃক আয়োজিত শহরের দিশা টাওয়ারে ৩রা নভেম্বর জেল হত্যা দিবস শীর্ষক আলোচনা সভা ও সেলাই মেশিন, হুইল চেয়ার, শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারন সম্পাদক জননেতা আতাউর রহমান আতা।

বিশেষ অতিথির বক্তব্যে রাখেন, কুষ্টিয়া অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) মোস্তাফিজুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার জুবায়ের হোসেন চৌধুরী, সদর উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মুক্তিযোদ্ধা মোশাররফ হোসেন, কুষ্টিয়া প্রেসক্লাব কেপিসি সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, বাংলাদেশ সুপ্রিম কোর্টের অ্যাড. ব্যারিষ্টার গৌরব চাকী, পৌর কাউন্সিলর ও শহর আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মীর রেজাউল ইসলাম বাবু, হাটশ হরিপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও জেলা যুব-মহিলা লীগের আহবায়ক এম সম্পা মাহমুদ, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদ আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে আতাউর রহমান আতা জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধাশীলভরে বলেন, ১৯৭৫ সালে বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর ৩ নভেম্বর তার ঘনিষ্ঠ চার সহকর্মী সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এম মনসুর আলী ও এ এইচ এম কামরুজ্জামানকে কারাগারে হত্যা করা হয়। খুনিরা এরপরেও থেমে নেই, বার বার বঙ্গকণ্যা প্রধানমন্ত্রী দেশরতœ শেখ হাসিনাকে হত্যা করার চেষ্টা করেছে। আল্লাহর অশেষ কৃপায় তিনি বেঁচে রয়েছেন। সঠিক ভাবে দেশ পরিচালনা

করছেন। তিনি আরো বলেন, আজ শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নত সমৃদ্ধে এগিয়ে যাচ্ছে। সেই সাথে কুষ্টিয়ার ব্যাপক উন্নয়ন মূলক কাজ করেছেন আমাদের প্রিয় জননেতা মাহবুবউল আলম হানিফ এমপি।

কুষ্টিয়া নাগরিক পরিষদের সভাপতি সাইফুদদৌলা তরুনের সভাপতিত্বে, নাগরিক পরিষদের সাধারণ সম্পাদক অ্যাড. সামস তানিম মুক্তির পরিচালনায় আরও উপস্থিত ছিলেন নাগরিক পরিষদের সহকারী সম্পাদক আফরোজা আক্তার ডিউ, সাংগঠনিক সম্পাদক এমজেড ইসলাম, এমজে এইচ জুয়েল, তথ্য ও গবেষনা সম্পাদক ইমরান খান পলাশ, সহ তথ্য গবেষনা সম্পাদক কেএম মামুনুর রহমান, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক ইমরুল হক লিংকন, মনিরুল ইসলাম, অনুষ্ঠান প্রস্তুতি কমিটির আহবায়ক মনিরুল ইসলাম বাবু প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন শহর ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ডা. আফিল উদ্দিন সহ গন্যমাণ্য ব্যক্তিবর্গ। পরে অসহায় মানুষের মাঝে সেলাই মেশিন, হুইল চেয়ার সহ শিক্ষা উপকরণ বিতরণ করেন এবং দোয়া অনুষ্ঠান শেষে তবারক বিতরণ করা হয়।

প্রতিদিন ডেক্স

কুষ্টিয়ায় বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত

তিন দফা দাবি আদায়ের আন্দোলনকে অদম্য গতিশীল করার লক্ষ্যে বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশন কুষ্টিয়া জেলা শাখার আয়োজনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শনিবার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

কুষ্টিয়া জেলা শাখা সভাপতি মোহাম্মদ ফজলুর রহমানের সভাপত্বিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিচার বিভাগীয়

কর্মচারী এসোসিয়েশন সভাপতি জনাব শাহ মো: মামুন ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক জনাব কাজী সালাউদ্দিন দিদার, সাংগঠনিক সম্পাদক জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন। অনুষ্ঠানটি পরিচালনা করেন কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক তারিক আহমেদ রিঙ্কু ।

কুষ্টিয়া প্রতিনিধি

সাধুর সঙ্গ সাঙ্গ করে ছেউড়িয়া ছাড়ছে ভক্তরা

বাউল সম্রাট ফকির লালন শাহ্ এর তিরোধান স্মরনোৎসবের শেষদিনে সাধুর সঙ্গ সাঙ্গ করে আপন ঠিকানায় ফিরেছেন দুর দুরান্ত থেকে ছেউড়িয়ার তীর্থধামে আসা বাউল, সাধু-ভক্ত, অনুসারীরা।
শুক্রবার সকাল থেকেই ৩দিনের সাধুসঙ্গের ইতি টানতে সঙ্গে আনা গাট্টি, বোচকা গুছিয়ে শেষ বারের মতো ভক্তদের সাথে ভক্তি-কুশল বিনিময়ের মধ্যদিয়ে অশ্রুভরা চোখে বিদায় নিয়ে বাউলরা আখড়াবাড়ি ছেড়ে রওয়ানা হয়েছেন নিজ নিজ আশ্রমের উদ্দেশ্যে। তারা বলছেন এই মহামিলনের শিক্ষা মানবপ্রেম ছড়িয়ে দেবেন দেশ থেকে দেশান্তরে। আখড়া বাড়িতে অনুষ্ঠিত তিরোধান দিবসের ৩দিনের আনুষ্ঠানিকতা শেষে উৎসবকে কেন্দ্র করে জমজমাট আখড়াবাড়ি এখন অনেকটাই ফাকা। তাদের গুরু বানী ও সবকিছুর কিছুর মুলে পরম মমতায় শ্রদ্ধাভরে গুরুকে বারবার প্রনাম ও নানা রকম ভক্তি জানিয়ে বিদায় নেন শিষ্যরা। তাদের আবার দেখা হবে লালনের দোল অনুষ্ঠানে। বাউল ফকির আর সাধুদের ছাড়াই নাম মাত্র অনুষ্ঠানিতায় শুক্রবারও লালন মঞ্চে আলোচনা সভা ও লালন সংগীত পরিবেশিত হয় রাতভর।
বিদায় বেলায় রাজশাহী থেকে আসা ফকির আমিরুল শাহ অশ্রুসিক্ত নয়নে বলেন, সাধুদের সব কিছুর মুলে গুরু ভক্তি। গুরুকে ভজেই সর্বদা তারা পরমত্মার সন্ধান করে ফেরে। সেই গুরুকে বারবার প্রনাম ও ভক্তি জানিয়ে শির্ষ্যরা বিদায় নিলেও আবারও তারা ঘুরে ঘুরে আসেন গুরু’র এই তীর্থধামে। তাদের যে গুরুর চরনস্পর্শ করা বড়ই দরকার।

নইলে সে তো পাবে না আর দ্বিন-দরিয়ার পাড়।
ঢাকা সাভার থেকে আসা এনাম শাহ বলেন, সমাজের অসঙ্গতি, সা¤প্রদায়িকতা, মানুষে মানুষে অযথা হানাহানি দূর করে চিরন্তন মানবধর্ম প্রতিষ্ঠা করতে চেয়েছেন লালন। সাঁইজি তার পদাবলী ও বাণীতে মানুষকে প্রকৃত শুদ্ধ মানুষ হওয়ার আহবান জানিয়েছেন। তাই এই উৎসব কেবল উৎসব নয় এখান থেকে লালনের এমন শিক্ষা ও মানবপ্রেম ছড়িয়ে দেবেন দেশব্যাপী।
শুক্রবার দুপুরে অখড়াবাড়ী ঘুরে দেখা যায়, ১৬অক্টোবর থেকে ১৮অক্টোবর পর্যন্ত ৩দিনের এই আয়োজনে এবার উৎসুক দর্শনাথীদের ভীড় ছিলো চোখে পড়ার মতো। তবে এসময় খেলাফতধারী সাধুদের চোখে পড়েনি খুব একটা। ঘুরে ফিরে স্থানীয় বাউলদেরই চোখে পড়ে। খেলাফতধারী সাধু না থাকলেও থেমে নেই অনুষ্ঠান। দর্শনার্থীদের সমাগম থাকায় মেলার স্টলগুলোতে সারাক্ষনই ভীড় রয়েছে। নাগর দোলা ঘুরছে তার আপন গতিতে। মেলায় আসা দোকানীরা জানালেন বিকিকিনিও বেশ ভালো।
সংস্কৃতি মন্ত্রনালয় ও কুষ্টিয়া জেলা প্রশাসনের সহযোগিতায় লালন একাডেমীর সভাপতি জেলা প্রশাসক আসলাম হোসেনের সভাপতিত্বে সন্ধা ৭টায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ^বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন উর রশিদ আসকারী। আলোচনা সভা শেষে রাতভর চলে লালন একাডেমীর শিল্পীবৃন্দ ও দেশের খ্যাতনামা শিল্পীদের পরিবেশনায় লালন সংগীতানুষ্ঠান।

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া জেলা ওয়ার্কার্স পার্টির সম্মেলন অনুষ্ঠিত

কুষ্টিয়া জেলা ওয়ার্কার্স পার্টির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০ টা থেকে দিনব্যাপী শহরের ডিসি অফিসের সামনে টাউন হলে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

লুৎফুল হক পাপ্পান্না, এসরারুল হক, আমজাদ হোসেন খোকন, দেলোয়ার হোসেন,মজিবর রহমান, হালিমুজ্জামান, জাহিদুর রহমান, রাশেদ খান, সোহেল রানা, মকলেসুর রহমান।

নিজস্ব প্রতিনিধি

কুষ্টিয়ায় কৃষক হত্যা মামলায় স্ত্রীসহ ৪ জনের ফাঁসি

কুষ্টিয়ার ভেড়ামারার কৃষক হানিফ আলী খামারুর হত্যা মামলায় হানিফের স্ত্রী সহ ৪ জনকে ফাঁসির আদেশ দিয়েছেন আদালত। বুধবার বেলা পৌনে ১২টার দিকে কুষ্টিয়ার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক অরূপ কুমার গোস্বামী এ রায় দেন।

দ-প্রাপ্তরা হলেন- ভেড়ামাা উপজেলার আড়কান্দি এলাকার লরু প্রামাণিকের ছেলে শ্যামল প্রামাণিক (২৭), বাদশা আলীর ছেলে আসমত আলী ম-ল (৪৭), মিরাজ উদ্দিনের ছেলে মুকুল হোসেন (২৮) এবং নিহত হানিফ আলীর স্ত্রী দোলেনা বেগম (৪২)।

আদালত সূত্রে জানা যায়, গত ১০/৪/২০১৭ খ্রিঃ তারিখ রাত ১.০০ টায় আসামি মুকুল, আসমত এবং শ্যামলের সহায়তায় ঘটনাস্থল মাধবপুর মৌজার আবুল মাস্টারের পতিত জমিতে মুকুল প্রথমে কৃষক হানিফ খামারুর গলায় গামছা পেঁচিয়ে মাটিতে ফেলে দেয়। এরপর আসামি আসমত দুই পা চেপে ধরে। আসামি শ্যামল তার বুকে চেপে ধরে। অতঃপর আসামি মুকুল একটি ছোরা দিয়ে তাকে গলায় নৃশংস ভাবে পোঁচ দিয়ে হত্যা করে। আসামি মুকুল ব্যবহৃত ছোরাটি আসামি আসমতকে দিয়ে দেয়। তারা ৩ জন মরদেহ উক্ত স্থানে ফেলে রেখে চলে আসে।

পরের দিন সকালে হানিফ বাড়িতে ফিরে না আসায় তার স্ত্রী দোলেনা বেগম, তার চাচাতো ভাই মুকুল সহ অন্যরা খোঁজ করে এবং বাদী আমিরুল ইসলামকে মোবাইল ফোনে খবর দেয়। তখন বাদী দিনাজপুর নুরিয়া দরবার শরীফে কর্মরত ছিল। সে বাড়িতে ফিরে এসে মামলা দায়ের করেন।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

কুষ্টিয়ায় লালন শাহের ১২৯ তম তিরোধান দিবসের উদ্বোধন

বাউল সম্রাট ফকির লালন শাহের ১২৯তম তিরোধান দিবস পালন উপলক্ষ্যে লালন একাডেমি চত্বরে তিন দিনব্যাপী লালন মেলার উদ্বোধন করা হয়েছে । বুধবার রাতে কুষ্টিয়ার কুমারখালির ছেঁউড়িয়াতে তিরোধান দিবসের তিন দিনের এ অনুষ্ঠানের উদ্বোধন করেন আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া ৩ আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন, কুষ্টিয়া-১ আসনের সংসদ সদস্য আ.কা.ম. সরওয়ার জাহান বাদশাহ্, কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, খুলনা রেঞ্জ ডিআইজি ড. খ: মহিদ উদ্দিন বিপিএম (বার), কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত পিপিএম,(বার), জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খাঁন, সাধারণ সম্পাদক আজগর আলী, বিজ্ঞ পিপি এড. অনুপ কুমার নন্দী, কুষ্টিয়া প্রেসক্লাব-কেপিসি’র সভাপতি আলহাজ্ব রাশেদুল ইসলাম বিপ্লব।

উদ্বোধনী অনুষ্ঠানের সভায় প্রধান আলোচক হিসেবে আলোচনা করেন কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো: শাহিনুর রহমান। অনুষ্ঠানের শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও লালন একাডেমীর সহ-সভাপতি আজাদ জাহান। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয় নেজারত ডেপুটি কালেক্টর ও লালন একাডেমীর এ্যডহক কমিটি সদস্য সচিব এম.এ মোহাইমিন আল জিহান। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কুষ্টিয়া জেলা প্রশাসক ও লালন একাডেমির সভাপতি মো: আসলাম হোসেন।

কুষ্টিয়া প্রতিনিধি

দৌলতপুরে বন্যা দুর্গত এলাকায় ত্রাণ সামগ্রী বিতরণ

ইঞ্জিনিয়ার্স ফাউন্ডেশন দৌলতপুর এর উদ্যোগে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার রামকৃষ্ণপুর ও চিলমারী ইউনিয়নে বানভাসী মানুষের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে। শুক্রবার সকালে রামকৃষ্ণপুরের ভাগজোত, চল্লিশগ্রাম, চিলমারী ইউনিয়নের বেশ কয়েকটি পয়েন্টে বন্যার্তদের মাঝে ত্রান বিতরণ করা হয়।
ত্রাণ সামগ্রী বিতরণের সময় উপস্থিত ছিলেন ইএফডির সভাপতি প্রকৌশলী হারুন অর রশীদ, সাধারণ সম্পাদক প্রকৌশলী ইলিয়াস হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক কাইসার আহমেদ লেলিন, যুগ্ম সাধারণ সম্পাদক প্রকৌশলী এস এম মিজানুর রহমান জনি, দপ্তর সম্পাদক প্রকৌশলী সরোয়ার জাহান সাগর সহ সদস্যবৃন্দ। দুই ইউনিয়নের ৩৫০ জন পরিবারের মাঝে ত্রাণ হিসেবে শুকনা খাবার বিশুদ্ধ পানি, ওষুধ ও খাবার স্যালাইন বিতরণ করা হয়।